



জবি/প্রশা-৩২(৯৬)/২০১০/ ৫১৩

তারিখ: ০৫ ভাদ্র, ১৪২৯
২ আগস্ট, ২০২২

পরিচালক/চেয়ারম্যান,

..... ইনস্টিটিউট/বিভাগ
জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।

বিষয়: রচনা প্রতিযোগিতা-২০২২ শিক্ষার্থীদের অংশগ্রহণ প্রসঙ্গে।


মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় অবগতি ও সংশ্লিষ্ট সকলকে বিজ্ঞপ্তিটি অবহিত করার জন্য প্রয়োজনীয় তথ্যাদি নিয়ে প্রদান করা হলো:

| বিষয় | বিবরণ | যোগাযোগের ঠিকানা | মন্তব্য |
|------------------|---|---|---|
| রচনা প্রতিযোগিতা | বান্দরবান ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের গবেষণা ও প্রকাশনা শাখার উদ্যোগে 'রচনা প্রতিযোগিতা- ২০২২' আয়োজন করা হয়েছে। রচনার বিষয়: 'পার্বত্য অঞ্চলের জুমচাষের ঐতিহ্য সংরক্ষণ ও জুমচাষ পদ্ধতির আধুনিকায়ন: প্রেক্ষিত পরিবেশ সুরক্ষা'। আগ্রহী ছাত্র-ছাত্রীগণ রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারেন। (বিজ্ঞপ্তির কপি সংযুক্ত) | রচনা প্রেরণের ঠিকানা: পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান। | রচনা পাঠানোর শেষ সময়সীমা: ০১ সেপ্টেম্বর ২০২২ ইং বৃহস্পতিবার। |

উপরোক্ত বিষয়সমূহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,



(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)
রেজিস্ট্রার

জবি/প্রশা-৩২(৯৬)/২০১০/ ৫১৩

তারিখ: ০৫ ভাদ্র, ১৪২৯
২ আগস্ট, ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. পরিচালক, আইসিটি সেল (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ), জবি;
২. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), জবি;
৩. উপ-পরিচালক (অডিট), ট্রেজারার দপ্তর (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), জবি;
৪. নোটিশ বোর্ড, জবি;
৫. অফিস কপি/সংশ্লিষ্ট নথি।


(মোহাম্মদ মশিনুল ইসলাম)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন)।

রচনা প্রতিযোগিতা ২০২২'এর বিজ্ঞপ্তি

বান্দরবান ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের গবেষণা ও প্রকাশনা শাখার উদ্যোগে নিম্নোক্ত বিষয়সমূহের উপর 'রচনা প্রতিযোগিতা ২০২২' আয়োজন করা হয়েছে। আগ্রহী ছাত্রছাত্রীগণের নিকট হতে এ প্রতিযোগিতার জন্য রচনা আশ্রয় করা হচ্ছে।

| শাখা | প্রতিযোগীর শ্রেণি | বিষয়বস্তু | শব্দসংখ্যা |
|---------|-------------------------------------|---|----------------|
| জুনিয়র | স্কুলের ছাত্রছাত্রী | পার্বত্য অঞ্চলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর বীর মুক্তিযোদ্ধাগণ | ৪০০-৫০০ শব্দ |
| সিনিয়র | কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রী | পার্বত্য অঞ্চলের জুমচাষের ঐতিহ্য সংরক্ষণ ও জুমচাষ পদ্ধতির আধুনিকায়ন : প্রেক্ষিত পরিবেশ সুরক্ষা | ৯০০-১,০০০ শব্দ |

বিঃ দ্রঃ - স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় এবং সমপর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের সকল ছাত্রছাত্রীর জন্য এ প্রতিযোগিতা উন্মুক্ত।

প্রতিযোগিতার নিয়মাবলি

- রচনা স্বরচিত ও অপ্রকাশিত হতে হবে।
 - রচনা A4 সাইজের সাদা কাগজে নিজ হাতে স্পষ্ট অক্ষরে লিখে 'পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান'এর বরাবরে পাঠাতে হবে/জমা দিতে হবে। প্রাপ্ত রচনাসমূহ ফেরৎ দেয়া হবে না।
 - কাগজের উভয় পৃষ্ঠা ব্যবহার করা যাবে না; করলে অযোগ্য বা ডিসকোয়ালিফাইড বলে গণ্য হবে।
 - নির্ধারিত সীমার মধ্যে রচনার শব্দসংখ্যা সীমিত রাখতে হবে। অন্যথায় প্রতিযোগিতার জন্য অযোগ্য বা ডিসকোয়ালিফাইড বলে গণ্য হবে।
 - মূল রচনার কোন পৃষ্ঠায় প্রতিযোগীর পরিচিতি লিখা যাবে না। রচনার সাথে পৃথক কাগজে প্রতিযোগীর নাম, স্কুল পর্যায়ে হলে অধ্যয়নরত শ্রেণি, কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ে হলে বর্ষ ও ডিগ্রির নাম (স্নাতক বা সম্মান অথবা স্নাতকোত্তর ডিগ্রির নাম এবং বিভাগের নাম), শিক্ষা প্রতিষ্ঠানের নাম, আবাসিক ঠিকানা, সংক্ষিপ্ত পরিচিতি, মোবাইল ফোন নম্বর, ই-মেইল ঠিকানা ও ফেসবুক আইডি লিখে এবং তাতে তারিখসহ স্বাক্ষর করে পাঠাতে হবে। বিজয়ী প্রতিযোগীগণকে পত্র মারফত, ই-মেইল ও ফেসবুকযোগে প্রতিযোগিতার ফলাফল জানানো হবে।
 - রচনা গ্রহণের শেষ সময়সীমা : ০১ সেপ্টেম্বর ২০২২ বৃহস্পতিবার।
 - প্রতিযোগিতার নিয়মাবলি/ শর্তাবলি যথাযথভাবে প্রতিপালন করতে হবে। অন্যথায় প্রাপ্ত রচনা অযোগ্য বা ডিসকোয়ালিফাইড বলে গণ্য হবে।
 - রচনার মান নির্ধারণ ও পুরস্কার নির্বাচনের ক্ষেত্রে 'বিচারক কমিটি'র সিদ্ধান্তই চূড়ান্ত।
 - প্রতিযোগিতার প্রতিটি শাখায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় এবং ২টি করে শুভেচ্ছা পুরস্কারের ব্যবস্থা রয়েছে। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বিজয়ী প্রতিযোগীগণকে স্বয়ং হাজির হয়ে পুরস্কার গ্রহণ করতে হবে। উল্লেখ্য, বান্দরবান পৌর এলাকার বাইরের পুরস্কার বিজয়ী প্রতিযোগীগণকে যাতায়াত খরচ দেয়া হবে।
 - পুরস্কার বিতরণের স্থান : ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট অডিটোরিয়াম, বান্দরবান।
- বিঃ দ্রঃ - প্রতিযোগিতার ফলাফল ঘোষণার পর পুরস্কার বিতরণের সময়সূচি নির্ধারণ করা হবে।

২৬.০৭.২০২২
(মং নু চিং)

পরিচালক (চলতি দায়িত্ব)

ফোন : ০২৩৩৩০২২২৪

E-mail: dir.ksibban@gmail.com

২৬/৭/২০২২